



কৃষিই সমৃদ্ধি
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর
Bangladesh Rice Research Institute, Gazipur

Phone: PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, Fax: 880-2-49272000
E-mail: hrm@brrr.gov.bd, hrm@brrr.gov.bd Website: www.brrr.gov.bd, www.knowledgebank-brrr.org

ঘূর্ণিঝড় সিত্রাং পরবর্তী আমন ফসল রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ
(২৫.১০.২০২২)

- WRF মডেল হতে প্রাপ্ত আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী আগামী ০৫ (২৫/১০/২০২২ইং-২৯/১০/২০২২ইং) দিন বাংলাদেশের কোন জেলাতেই মাঝারি কিংবা ভারি বৃষ্টির কোন সম্ভাবনা নাই বললেই চলে। বরিশাল ও খুলনা বিভাগের কোন-কোন জেলায় খুবই সামান্য কিছু বৃষ্টি হতে পারে।
- ধানের এই অবস্থায় জমিতে সার ও সেচ দেওয়ার কোন প্রয়োজন নেই। ধান আধা পাকা বা পাকার কাছাকাছি থাকলে জমি হতে অতি দ্রুত পানি সরিয়ে ফেলতে হবে।
- সেচ নালা পরিষ্কার রাখতে হবে যাতে ধানের জমিতে অতিরিক্ত পানি জমে না থাকে।
- শামা বা ফুঙ্কা আগাছায় এই সময় ফুল আসে। শামা বা ফুঙ্কা আগাছা উঠেয়ে ফেলতে হবে।
- ঘূর্ণিঝড়ের প্রভাবে যদি ধান নুইয়ে পড়ে সম্ভব হলে ৫-৬ টি ধানের গোছা একসাথে রশির সাহায্যে বেধে দিয়ে ঝাড়া করে রাখতে হবে এতে ফলনে ক্ষতি হবার সম্ভাবনা কম থাকে এবং ধান পরিপুষ্ট হবে।
- ধান গাছের বর্তমান বৃদ্ধি পর্যায়ে সুগন্ধি জাতে শিষ ব্লাস্ট এবং সংবেদনশীল জাতে (যেমন: ত্রি ধান৪৯, ত্রি ধান৭৫, ত্রি ধান৭৯) লম্বির গু রোগ দেখা দিতে পারে। আর এ রোগ দু'টি একবার হয়ে গেলে আর দমন করা যায় না। তাই বৃষ্টি কমলেই শিষ ব্লাস্ট রোগের জন্য ট্রাইসাইক্লোজল গ্রুপের ছত্রাকনাশক যেমন: ট্রুপার প্রতি ১০ লিটার পানিতে ৮ গ্রাম ঔষধ অথবা স্ট্রবিন গ্রুপের ছত্রাকনাশক যেমন: নাটিভো প্রতি ১০ লিটার পানিতে ৬ গ্রাম ঔষধ ভাল ভাবে মিশিয়ে ৫ শতাংশ জমিতে ৭ দিন ব্যবধানে ২ বার বিকাল বেলা স্প্রে করতে হবে। তবে খেয়াল রাখতে হবে যেন স্প্রে করার পরপরই বৃষ্টিতে ঔষধ ধুয়ে না যায়। একই ভাবে লম্বির গু রোগের জন্য প্রোপিকোনাজল গ্রুপের ছত্রাকনাশক যেমন: টিপ্ট রোগ হওয়ার আগেই প্রয়োগ করতে হবে। তাছাড়া ঝড়-বৃষ্টির কারণে ব্যাকটেরিয়াজনিত পাতাপোড়া রোগ দেখা দিতে পারে। ধানের ফুল আসার পর এ রোগটি দেখা দিলে ফলনের তেমন কোন ক্ষতি হয় না।
- কাটা ফসল নিরাপদ স্থানে সংরক্ষণ নিয়ে ঝাড়াই ও মাড়াই করুন।

আবহাওয়া ভিত্তিক ধান উৎপাদন ব্যবস্থাপনা সংক্রান্ত পরামর্শ প্রদানে-
এগ্রোনোমিটোরোলোজি এন্ড ক্রপ মডেলিং ল্যাব, ত্রি, গাজীপুর

স্মারক নম্বর: ১২.১৬.৬১০০.০৪১.৯৯.০২৩.২২-

অনুলিপি প্রেরণ:

০১। উপপরিচালক, ডিএই, খামারবাড়ি, ময়মনসিংহ/জামালপুর/শেরপুর ও নেত্রকোনা। পত্রের মর্মান্বয়ী ঘূর্ণিঝড় সিত্রাং পরবর্তী আমন ফসল রক্ষার নিমিত্তে কৃষি আবহাওয়া পরামর্শ অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

তারিখঃ ২৬-১০-২০২২ খ্রিঃ।